Raju: Could she help you in time? কুড শি হেল্প ইউ ইন্ টাইম?

Shaju: Yes, she could. ইয়েস, শি কুড।

Raju: Could Rama solve this problem? কুড রমা সলভ্ দিস প্রব্লেম?

Shaju: No, she couldn't. নো, শি কুডন্ট।

- Might/ Must/ Ought[to] /Would/ Should-

সোহন বোধহয় ওকে সাহায্য করেছিল।

ও বোধহয় এখানে এসেছিল।

ওর বিয়েতে আমাকে যেতেই হবে।

আমাকে দশটার মধ্যে বাড়ী পৌছাতেই হবে।

ছোটদের ভালবাসতে হয়।

প্রতিদিন সকালে আমি দু'মাইল হাঁটব।

তোমার আরও নিয়মিতভাবে ক্লাশে যাওয়া উচিত।

Sohan might have helped him. সোহন মাইট হ্যাভ্ হেল্পড্ হিম্।

He might have come here. হি মাইট হ্যাভ্ কাম্ হিয়ার।

I must attend his marriage. আই মাস্ট্ এ্যাটেন্ড্ হিজ্ ম্যারেজ্।

I must reach home by 10 o'clock. আই মাস্ট্ রিচ্ হোম্ বাই টেন্ ও'ক্লক্।

We ought to love our yougers. উই অট্ টু লভ্ আওয়ার ইয়ঙ্গারস্।

I would walk two miles every morning. আই উড্ ওয়াক্ টু মাইল্স্ এভরি মরনিং।

You should attend the class more regularly. ইউ শুড্ এ্যাটেন্ড্ দ্য ক্লাশ্ মোর রেগুলারলি।

স্মরণীয় [To Remember]

1. [a] Can I walk?

[b] Can you do this job?

[c] Can you sing a song?

গপরের যে বাক্যগুলিতে can আছে, তাদের ভাবার্থ এই যে কতর কাজগুলি করার শক্তি ও সামর্থ্য আছে। যে সব বাক্যগুলি may দিয়ে আরম্ভ হয়েছে, তাদের দ্বারা কাজগুলি করার ইচ্ছা প্রকাশ করা হচ্ছে বা করার জন্য অনুমতি চাওয়া হচ্ছে। can I walk এ আমি কি চলাফেরা করতে সমর্থ? এই ভাব প্রকাশ হচ্ছে। কিন্তু May I walk-এ চলাফেরা করার অনুমতি চাওয়া হচ্ছে।

অবশ্য কখনও কখনও সাধারণ কথাবার্তায় may ও can একই ভাবার্থে ব্যবহৃত হয়, যদিও তা ব্যাকরণসম্মত নয়।

2. আগেই বলা হয়েছে যে can-এর অতীতকাল could, may-র might, shall এর should ও will এর would, must, 'নিশ্চয়ই', এই ভাবার্থে ব্যবহৃত হয়। Ought to ও should থাকলে বুঝতে হবে যে, 'সেই কাজটি করা উচিত' এই ভাব প্রকাশ করা হচ্ছে।

এই শব্দ ও তাদের অর্থ, বাক্যে কি রকম ভাবে প্রযোজ্য, এগুলোর অভ্যাস করে নেওয়া উচিত।

9

নবম দিন

9th Day

আদেশ ও অনুরোধসূচক বাক্য [Sentences denoting order and request]

নীচে কতকগুলি আদেশ ও অনুরোধসূচক বাক্য দেওয়া হল। এগুলোকে Imperative mood [ইম্পারেটিভ মুড] এর বাক্য বলা হয়। এই বাক্যগুলিতে [Tense] দেবার দরকার হয় না। ক্রিয়া মূলরূপেই থাকে। এই বাক্যগুলি সহজেই আয়ত্ত্ব করা যায়।

বিধেয়াত্মক ক্রিয়া [Imperative Mood]

A

1. সামনে দেখো।

2. এগিয়ে যাও।

3. আস্তে গাড়ী চালাও।

4. ওর নাম জিজ্ঞেস কর।

5. নিজের কাজ করো।

6. ফিরে যাও।

7. ফিরে এসো।

8. শুনুন তো।

9. তাড়াতাড়ি এসো।

10. আমায় দেখতে দাও।

11. আমায় কাজ করতে দাও।

12. ওকে যেতে দাও।

13. আমায় যেতে দাও।

14. তৈরী হও।

15. ওর দেখাশোনা কোরো।

16. একপাশে দাঁড়াও।

17. ভেবেচিন্তে বলো।

18. নিশ্চয়ই আসবে।

19. এগোও।

Look ahead. লুক্ এ্যাহেড্।

Go ahead. গো এ্যাহেড্।

Drive slowly. ড্রাইভ্ স্লোলি।

Ask his name. অস্ক্ হিজ্ নেম্।

Mind your business. মাইন্ড্ ইয়োর বিজনেস্।

Go back. গো ব্যাক্।

Come back. কাম্ ব্যাক্।

Just listen. জাস্ট্ লিসন্।

Come soon. কাম্ সুন।

Let me see. লেট্ মি সি।

Let me work. লেট্ মি ওয়ার্ক্।

Let him pass. লেট্ হিম পাস্।

Let me go. লেট্ মি গো।

Be ready. বী রেডী।

Take care of him/her. টেক্ কেয়ার্ অফ্ হিম্/হার্।

Move aside. মুভ্ এ্যাসাইড্।

Think before you speak. থিঙ্ক্ বিফোর্ ইউ স্পিক্।

Do come. ডু কাম্।

Move ahead. মুভ্ এ্যাহেড্।

B

20. ওর খবর নাও।

21. পরিহাস করো না।

22. বোকর মতন কথা বলো না।

23. কিছু ভাববে না।

24. দেরি করো না।

25. কক্ষনো ভুলো না।

26. চিন্তা করো না।

27. ওকে ফেপিও না।

Inform about her/him. ইনফর্ম্ এ্যাবাউট্ হার্/ হিম্।

Don't cut jokes. ডোন্ট্ কাট্ জোক্স্।

Don't talk nonsense. ডোন্ট্ টক্ ননসেন্স্।

Never mind. নেভার্ মাইন্ড্।

Don't delay. ডোন্ট্ ডিলে।

Never forget. নেভার্ ফরগেট্।

Don't worry. ডোন্ট্ ওয়রি।

Don't tease him. ডোন্ট্ টিজ্ হিম্।

C

28. আর একবার চেষ্টা করুন।
 29. থাকগে।
 30. একটু অপেক্ষা করুন।
 31. এখানে আসুন।
 32. আসুন, আসুন।
 33. ওঁকে জাগিয়ে দিন।
 34. বসুন, বসুন।
 35. দয়া করে উত্তর দিন।
 36. আমাদের যেতে দিন অনুগ্রহ করে।
 37. এইখানে সই করুন [দয়া করে]।
 38. আর একটুখানি থাকুন।
 39. দয়া করে চুপ করুন।
 40. আপনি যেরকম বলবেন। [বা আপনার যা ইচ্ছে]
 41. আবার আসবেন যেন।

- Please do try again. প্রিজ ডু ট্রাই এগেন্।
 Leave it. লিভ ইট।
 Please wait. প্রিজ ওয়েটে।
 Please come here. প্রিজ কাম হিয়ার।
 Please come in. প্রিজ কাম ইন।
 Please wake him up. প্রিজ ওয়েক হিম্ আপ্।
 Please be seated. প্রিজ বি সিটেড।
 Please reply. প্রিজ রিপ্রাই।
 Please allow me to go./May I go? প্রিজ আলোও মি টু গো।/ মে আই গো?
 Please sign here. প্রিজ সাইন হিয়ার।
 Please stay a little longer. প্রিজ স্টে এ লিটল লংগার।
 Please keep quiet. প্রিজ কিপ কোয়াইট।
 As you like it. অ্যাজ ইউ লাইক্ ইট।
 Do come again. ডু কাম্ এগেন্।

D

42. নিজের ঘরদোর পরিষ্কার রাখবে।
 43. আবেল তাবোল না বলে আসল কথায় এসো।
 44. দেরি করো না।
 45. পাগলামো ক'রো না।
 46. এই এক দাগ [ওষুধ] খাও।
 47. আমার পেছন পেছন এসো।
 48. জুতোর ফিতে বেঁধে নাও।
 49. কাজের সময় কাজ, খেলার সময় খেলা উচিত।
 50. ঝোপ বুকে কোপ মার।
 51. জায়গা খালি কর।
 52. কিছুই বলো না।
 53. দেখেছ শয়তানটাকে?
 54. দেখো ওকে।

- Keep your home clean. কিপ ইয়োর হোম ক্লিন।
 Come to the point. Don't beat about the bush./ Stop rambling and come to the point. কাম্ টু দ্য পয়েন্ট। ডোন্ট বিট এ্যাভাউট দ্য বুশ।/ স্টপ র্যাম্বলিং অ্যান্ড কাম্ টু দ্য পয়েন্ট।
 Don't be late. ডোন্ট বি লেট।
 Don't be silly. ডোন্ট বি সিলি।
 Take this dose [of medicine] টেক দিস্ ডোজ [অফ্ মেডিসিন]।
 Follow me. ফলো মি।
 Tie your shoe laces. টাই ইয়োর শূ লেসেস।
 Work while you work and play while you play. ওয়ার্ক্ হোয়াইল ইউ ওয়ার্ক্ এ্যান্ড প্লে হোয়াইল ইউ প্লে।
 Strike the iron when is hot. স্ট্রাইক্ দ্য আয়রন্ হোয়েন ইজ্ হট্।
 Vacate the palce. ভ্যাক্কেট দ্য প্লেস।
 Don't say anything. ডোন্ট সে এনিথিং।
 Look at the devil. লুক্ এ্যাট্ দ্য ডেভিল।
 Watch him. ওয়াচ্ হিম্।

স্মরণীয় [To Remember]

1. আপনারা দেখলেন যে, is, are, am, were, has, have, had, will, would, shall, should, can, could, may, might প্রভৃতি শব্দগুলি বাক্যের আরম্ভে থাকলে তারা জিজ্ঞাসাসূচক বাক্য হয়ে যায় ও subject এর পরে, বাক্যের মধ্যে থাকলে সাধারণ বাক্য হয়। উদাহরণ-

A

- [1] Am I a fool?
 [2] Were those your books?
 [3] Had you gone there?
 [4] Can I walk for a while?
 [5] May I come in?
 [6] Might you go now?

B

- I am not a fool.
 Those were your books.
 You had gone there.
 You can walk.
 You may come in.
 I might go now.

2. Do এবং did মূলত: সাহায্যকারী ক্রিয়া নয়। নিম্নলিখিত বাক্যগুলি ভালভাবে লক্ষ্য করুন-

1. আমি সকালে তাড়াতাড়ি উঠি।
 2. আমি সকালে তাড়াতাড়ি উঠেছিলাম।

- I get up early in the morning.
 I got up early in the morning.

এদের নেতিবাচক রূপ দেখা যাক এবার-

3. আমি সকালে তাড়াতাড়ি উঠি না।
 4. আমি সকালে তাড়াতাড়ি উঠি নি।

- I do not get up early in the morning.
 I did not get up early in the morning.

স্পষ্টতই, ইতিবাচক থেকে নেতিবাচক বাক্য রচনা করতে হলে do ও did প্রয়োগ করতে হ'ল। জিজ্ঞাসাসূচক বাক্য রচনা করতে হ'লে এই do ও did কেই, বাক্যের আরম্ভে রাখতে হয়। যেমন-

5. আমি কি সকালে তাড়াতাড়ি উঠি?
 6. আমি কি তাড়াতাড়ি উঠেছিলাম?

- Do I get up early in the morning?
 Did I get up early in the morning?

এটা সকলেই জানেন যে ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। সাহিত্য, দর্শন, বিজ্ঞান, কলাকৌশল, যে কোন বিভাগেই এই ভাষার সমৃদ্ধ ঘুব কমই আছে। ভারতবর্ষেও এই ভাষা জ্ঞানার উপকারিতা সম্বন্ধে সকলেই অবহিত আছেন।

আপনি জীবনের যে ক্ষেত্রেই প্রতিষ্ঠিত থাকুন না কেন, এমনকি আপনি যদি সামান্য গৃহবধুও হন বা কারখানাতে শারীরিক পরিশ্রম করে জীবিকার্জন করেন, তবুও নিজের ব্যক্তিত্ব বিকাশ করতে হলে এই ভাষাতে সাক্ষীল ভাবে কথা বলতে পারা একান্ত আবশ্যিক।

এর জন্য যদি আপনি কোন অন্তরঙ্গ বন্ধু বা আত্মীয়ের সাহায্য পান, যার সাথে আপনি নিঃসঙ্কেচে ইংরেজিতে কথা বলতে পারেন, তবে ভাল হয়। এই ব্যক্তির সাথে আপনি ইংরেজিতে কথা বলে যান তুল হলেও ক্ষতি নেই। আপনি ভাষাটা জানেন,, তার ব্যাকরণও আপনার জ্ঞান, কিছু কথা বলতে হয়ত ইতস্ততঃ করেন। এই ত্রুটি দূর করতে হলে একজন অন্তরঙ্গ বন্ধুর দরকার যার সঙ্গে আপনি ইংরেজিতে কথা বলবেন, যাকে আপনি বাংলা থেকে ইংরেজি বা ইংরেজি থেকে বাংলা করে শোনাবেন ও তিনি নিজেও এই সবগুলি করবেন। আপনারা দুজনে পরে একে অন্যের তুল শুরুর দেবেন। স্বামী ও স্ত্রী পরস্পরকে এই রকম ভাবে সাহায্য করতে পারেন, যেমন পারেন অফিসে বা কারখানাতে সহকর্মীরা। যদি আপনি স্বচ্ছল হ'ন তবে একটা টেপ রেকর্ডার নিতে পারেন, যার সাহায্যে উচ্চারণ শুরুর নিতে সক্ষম হবেন।

কথা বলার সময় ভাবভঙ্গী কিরকম হয় তা দেখার ও তুল হলে শোধরাবার জন্য আপনি প্রমাণ সাইজের আয়নার সামনে দাঁড়িয়ে কথা বলার অভ্যাস করতে পারেন। পৃথিবীর অসংখ্য ব্যক্তি এই উপায় অবলম্বন করে লাভান্বিত হয়েছেন। আমাদের মতে এই ভাষা সঠিক ভাবে আয়ত্তে আনার প্রধান বাধা হচ্ছে আপনার সংকোচ। এই সংকোচের বিহীনতা থেকে মুক্ত হবার সর্বোত্তম উপায় হচ্ছে একজন অন্তরঙ্গ বন্ধুর সাহায্য। আমাদের কোর্স শেখার জন্য এটা অত্যাাবশ্য। তাঁর সাথে প্রতিদিনের পাঠগুলি পড়ুন ও পরে অভ্যাস তালিকাগুলিও সমাধান করুন। দেখবেন, খুব শীঘ্রিই আপনি অসীম লক্ষের দিকে এগিয়ে চলেছেন।

ইংরেজি ভাষাতে কথা বলতে পারা মানে জীবনে সাফল্যের চাবিকাঠি হাতে পাওয়া। আর ইতস্ততঃ করবেন না, এগিয়ে চলুন। ইংরেজি ভাষার জ্ঞান অনেকেরই থাকে। তাঁরা ব্যাকরণের নিয়মকানুনও ভালভাবে জানেন। Tense এর রূপের সংযোগও তাঁরা পরিচিত। কিন্তু কেন বলুন ত তাঁরা ইংরেজিতে গড়গড় করে কথা বলতে পারেন না? কারণ আর কিছুই না বলার অভ্যাস না থাকা।

একটা আবশ্যিক যে আপনি নতুন নতুন শব্দ শিখে সেগুলো বিনাধিষায় বলার চেষ্টা করবেন। নীচের তালিকাগুলি আপনাকে এ বিষয়ে সাহায্য করবে।

অভ্যাস তালিকা [DRILL TABLES]

তালিকা [TABLE]-1

1	2	3
He She	is	ready
I	am	hungry thirsty tired
They You We	are	

তালিকা [TABLE]-2

1	2	3
He She I	was	rich poor
They You We	were	pleased Sorry

[i] তালিকা নম্বর 1 ও 2 প্রত্যেকটা থেকে 20টা করে বাক্য বলে কোন সার্থীকে তাদের মানে বলুন।

[ii] এই চক্কিশটা বাক্যই হবে Affirmative মানে ইতিবাচক। এদের নেতিবাচক [Negative] করতে হলে কি করবেন বলুন ত? ঠিক ধরেছেন, is, are, am, was, were ইত্যাদি ক্রিয়ার পর not দেবেন। যেমন- She is not ready. ওপরের তালিকা দুটি থেকে এই রকম আটটি বাক্য লিখুন।

[iii] দ্বিতীয় তালিকা থেকে আটটি ইতিবাচক [Affirmative] বাক্যকে প্রশ্নার্থক [Interrogative] বাক্যতে পরিণত করুন।

তালিকা [TABLE]-3

1	2	3
The boy	did not can may	
His friends	must not ought to should will can not	use this train do as I say go for hunting enter the cave

এই তালিকা থেকে 6-4 টি বাক্য রচনা করে আপনার বন্ধুকে শোনান। পরে যে কোন দশটি বাক্য লিখে বাংলায় তাদের অর্থ লিখুন।

তালিকা [TABLE]-4

1	2
[i] Be	day after tomorrow?
[ii] Go	Sanskrit?
[iii] Have you written	Ramesh, sir?
[iv] Did you get up	this problem?
[v] Will you come	at once?
[vi] Can you read	to Radha?
[vii] May I accompany	early yesterday?
[viii] Could Rama solve	your business
[ix] Mind	ready,
[x] Do not	befool me

চতুর্থ তালিকাতে প্রথম ও দ্বিতীয় স্তম্ভতে মিলে দশটি বাক্য রচনা করা যায়। এই বাক্যগুলি আবার আগের দিনের পক্ষে মধ্যেই পেয়ে থাকবেন। দুটি স্তম্ভের বাক্যের টুকরোগুলিকে এমন ভাবে মিলিয়ে বাক্য রচনা করুন—যাদের অর্থ বোধগম্য। পরে সেগুলোর অনুবাদ করুন।

প্রথম দিন

- নিম্নলিখিত বাক্যগুলি ভুল সংশোধন করুন। ভুলগুলো মনে রাখবেন।
 1. Good night uncle, how do you do? [সন্ধ্যা ছ'টার সময়]
 2. Is he your cousin brother?
 3. She is not my cousin sister.
 4. Good afternoon, my son. [সকাল ন'টার সময়]
 5. Good morning, mother. [বেলা দুটোর সময়]
- নীচের বাক্যগুলিতে দেখানো হয়েছে বাংলা ও ইংরেজি সম্মানসূচক ক্রিয়ার প্রকারভেদ কি রকম হয়।
 1. বাবা এসেছেন। Father has come.
 2. রহিমসাহেব এঙ্কুণি গেলেন। Mr. Rahim has just left.
 3. উনি আপনাকে আবার ডেকেছেন। He has called you again.

ইংরেজিতে 'আপনি' 'আজ্ঞে' ইত্যাদির প্রচলন নেই। 'You', 'Sir' ইত্যাদি ব্যবহার হয় তাদের বদলে। সেই রকম ক্রিয়ায় যাচ্ছেন, বলবেন, বললেন, ইত্যাদির প্রয়োগ হয় না। 'has' 'done' 'said' ইত্যাদি বললেই যথেষ্ট হয়। বাংলার বাক্য যেমন আজিজ সাহেব এই মাত্র বাড়ি গেলেন, প্রথমে ইংরেজির খাঁচে বলুন 'আজিজসাহেব এই মাত্র বাড়ি গেল' ও তারপর অনুবাদ করুন [প্রথম দিনের Tail-Box ও দেখুন]।

দ্বিতীয় দিন

- কতগুলো শিফটচারসূচক বাক্য আবার আমরা শিখে নিই।
 - [a] আপনি কারও বাড়ি বেড়াতে গেছেন হয়ত সেখানে তাঁরা আপনার তুটিহীন আদর-আপ্যায়ন করলেন। ধন্যবাদ দেবার বলবেন- Thanks for your hospitality. [আপনার আতিথ্যের জন্য ধন্যবাদ]।
 - [b] **I am** very grateful to you. **I shall** be very grateful to you. এই দুটো বাক্যের প্রভেদ কোথায় দেখুন বলুন কোন অবসরে কোন বাক্যটা বলতে হবে।
যদি কোনও ব্যক্তি আপনার অনুরোধ রক্ষা করেন তবে বলবেন I am very grateful to you. [আমি আপনার প্রতি কৃতজ্ঞ আবার, আপনি যদি কোন ব্যক্তিকে কিছু করার জন্য অনুরোধ করেন এবং তাকে আগে থেকেই ধন্যবাদ দিতে চান, তখন বলবেন- I shall be very grateful to you. [আমি আপনার প্রতি কৃতজ্ঞ থাকব]।
 - [c] যদি কেউ আপনার উপস্থিতিতেই আপনার প্রশংসা করেন তবে আপনি বিনীতভাবে বলতে পারেন- Oh, I do not deserve this praise. [আমি এই প্রশংসার উপযুক্ত নই]।

তৃতীয় দিন

- [a] God ও gods; [b] good ও goods; এই দুই জোড়া শব্দের অর্থ ভাল করে বুঝে নিন। God মানে ঈশ্বর, ভগবান, খোদা, পরমাত্মা। আর gods মানে দেবতাগণ-ইন্দ্র, অগ্নি, বরুণ ইত্যাদি। ঈশ্বর এক দেবতা অনেক। Good মানে ভাল [বিশেষণ] ও goods [বিশেষ্য] মানে মালপত্র।
- নিম্নলিখিত শব্দগুলির অর্থ অভিধান থেকে দেখুন ও ভাল করে মনে রাখুন- marvellous, splendid, disgraceful, absurd, excellent, nonsense.
- এই শব্দগুলির সঠিক অর্থ বুঝে নিন- nasty, woe, hello, hurrah.

চতুর্থ দিন

7. এই বাক্যগুলি মন দিয়ে দেখুন- [a] Well begun, half done. [b] To err human. To forgive, divine [c] Thank you. [d] Just coming. a ও b তে is এই ক্রিয়াটি উহ্য। c ও d তে I, এই কর্তাটি উহ্য। এই বাক্যগুলি অসম্পূর্ণ হওয়া সত্ত্বেও সাধারণ কথাবার্তায় এদের প্রয়োগ এইভাবেই হয়। ইংরেজিতে এই বাক্যগুলিকে Elliptical sentences বলা হয় ও তারা ব্যাপকভাবে প্রচলিত। এবার দেখা যাক এদের সম্পূর্ণ রূপগুলি [a] Well begun is half done. [b] To err is human. To-forgive is divine; [c] I thank you; [d] I am just coming. এই ধরনের অন্য বাক্যও আমাদের জেনে নেওয়া দরকার। এতে ইংরেজি ভাষার বৈশিষ্ট্যের সঙ্গে আপনার পরিচয় হয়ে যাবে।
8. Just coming. চতুর্থ দিনের প্রথম বাক্যের অর্থ দেওয়া হয়েছে আমি এক্ষুণি আসছি। কিন্তু এই বাক্যটির অর্থ তো এরকমও হতে পারে- তিনি/উনি এক্ষুণি আসছেন। ধরুন আপনার বাড়ীতে কেউ এসে বললেন যে আপনার দাদার সাথে কাজ আছে। আপনি ভিতরে গিয়ে দাদাকে বললেন সে কথাও বাইরে এসে আগলুককে বললেন যে দাদা এক্ষুণি আসছেন। ইংরেজিতে বললেন- Just coming যার সম্পূর্ণ রূপ হবে- He is just coming.

পঞ্চম দিন

9. এই বাক্যগুলি দেখুন [i] You speak English. [ii] Do you speak English? প্রথম বাক্যটি ইতিবাচক [positive] ও দ্বিতীয়টি প্রশ্নবাচক [Interrogative] প্রথম বাক্যটির আগে Do এই auxiliary [সাহায্যকারী] ক্রিয়া দিলেই বাক্যটির রূপ প্রশ্নবাচক হয়ে যায়। এই রকম ভাবেই নিম্নলিখিত বাক্যগুলি do-does এই ক্রিয়া প্রয়োগ করে প্রশ্নবাচক রূপে পরিণত করুন ও তাদের অর্থ বাংলায় লিখুন।
- [i] You go to bed. [ii] You play hockey. [iii] She is back from the office at 6 p.m. [iv] Mother takes care of her children. [v] They go for a mornign walk. [vi] I always work hard.
10. নীচের [11 এ দেওয়া] বাক্যগুলির বাংলাতে অনুবাদ করুন।

11. বর্তমান কালের অন্য [auxiliary verbs] এইগুলি is, am, are, has, have. নিম্নলিখিত বাক্যে এই গুলিই ব্যবহৃত হয়েছে।
- | | |
|-------------------------------|--------------------------|
| [i] The moon is shining. | Is the moon shining? |
| [ii] We are listening to you. | Are we listening to you? |
| [iii] My father has gone out. | Has my father gone out? |
| [iv] I have seen. | Have I seen? |

উপরের এক এক জোড়া বাক্য থেকে বোঝা যায় যে is, are, has, have এই auxiliary verbs-গুলি বাক্যের আরম্ভে রাখলে ও শেষে প্রশ্নার্থক চিহ্ন দিলেই তারা প্রশ্নবাচক হয়ে যায়। বলবার সময় মনে রাখতে হবে যে আপনার বলার ধরন tone যেন প্রশ্নার্থক হয়।

এবার উপরের আটটি বাক্য বাংলায় অনুবাদ করুন।

12. নিম্নলিখিত বাক্যগুলিতে প্রশ্নবাচক রূপে পরিবর্তিত করুন ও তাদের বাংলায় অর্থ লিখুন।

- [i] Someone is knocking at the door. [ii] Your friends are enjoying themselves. [iii] I am reading a comic; [iv] It is Friday today; [v] Your hands are clean; [vi] The train has just arrived. [vii] We have studied English. [viii] It has rained for two hours. [ix] You have already finished your dinner.

ষষ্ঠ থেকে নবম দিন

13. ইংরেজিতে 24 টি সহায়ক ক্রিয়া [auxiliary verbs] আছে। তারা হচ্ছে-

- [i] do, does, did, is, are, am, was, were, has, have, had, will, shall, [ii] would, should, can, could, may, might, must, ought [to], [iii] need, dare, used [to]

- [i] প্রথম 13 টি ক্রিয়া যথা- do, does, did, is, am, are, was, were, has, have, had, will, আর shall- Tense-এ প্রয়োগ করা হয়-আর এর প্রয়োগবিধি আপনি পাঁচ, ছয় আর সাত দিনে বুঝতে পারবেন। [ii] Would, should, could, might, প্রায় will, shall, can আর may এদের ভবিষ্যৎকালের রূপে প্রয়োগ করা হয়। এই সব অর্ধের প্রয়োগবিধি আপনারা আট দিনের অনুশীলনে পড়েছেন।

আপনি লক্ষ্য করেছেন এই সমস্ত ক্রিয়া মুখ্য ক্রিয়াকে সাহায্য করে। যেমন I may go- এই বাক্যটিকে প্রশ্নসূচক বাক্যে পরিবর্তন করতে হ'লে সহায়ক ক্রিয়া আগে আসে। যেমন May I go? আর না-সূচক অর্থে সহায়ক ক্রিয়ার পর আর মুখ্য ক্রিয়ার আগে 'Not' আসে যেমন I may not go .

14. নিম্নলিখিত প্রশ্নসূচক বাক্যগুলিকে অনুবাদ করুন।

- [1] Must I tell you again? [2] Must she write first? [3] Can't you find your book? [4] Could they mend it for me? [5] Could you show me the way? [6] She won't be able to get the cinema tickets? [7] Won't you be able to come and see us? [8] Ought he to bed early? [9] Ought not the rich to help the poor? [10] Dare I do it? [11] Need I tell you to be careful? [12] May I leave the room? [13] Might I accompany you? [14] Should I ask him first? [15] Would you wait a few minutes? [16] Used he to give you money?

15. এখন আপনারা বুঝতে পারছেন যে Must, ought, need, used এই সমস্ত সাহায্যকারী ক্রিয়া | special verbs অন্য ক্রিয়ার মত ব্যবহার করা যেতে পারে।

নিম্নলিখিত হ'ল সূচক [Positive] আর "না সূচক" [negative] বাক্যগুলির অনুবাদের সাথে সাথে বুঝতে চেষ্টা করুন কিভাবে এই সব ক্রিয়াগুলি ব্যবহার করা হয়।

[1] I need a towel. [2] She needn't go to the bank. [3] You needed rest, didn't you? [4] I used to go to Kutub Minar. [5] You do not worry. [6] I ought to sleep now. [7] You needn't go there. [8] I have to save money. [9] We need not have a discussion on this matter. [10] He won't attend the meeting, will he?

16. নিচে কয়েকটি প্রশ্ন আর তার সংক্ষিপ্ত উত্তর দেওয়া হল। এই গুলির অভ্যাস করলে আপনি নিজে নিজে এই ধরনের প্রশ্ন-উত্তর করতে পারবেন।

প্রশ্ন Question

- [1] Can you speak correct English?
- [2] Will you speak to her?
- [3] Could they go there alone?
- [4] Shall I wait for you at the station?
- [5] Does she tell a lie?
- [6] Do you speak the truth?
- [7] May we go now?
- [8] Weren't you going to the market?
- [9] Hadn't she finished her work?
- [10] Must they work hard?

সংক্ষিপ্ত উত্তর Short Answer

- No, I can't.
No, I won't.
Yes, they could.
No, you shan't.
No, she doesn't.
Yes, I do.
Yes, you may.
Yes, I was.
Yes, she had.
No, they mustn't

17. যে কোন প্রশ্নের দুই ভাবে উত্তর দেওয়া যায়। i) সম্পূর্ণ Complete রূপে [ii] আর সংক্ষিপ্তভাবে [Short] যেমন-

- Q. Do you read English? [Question]
A. Yes, I read English. [Complete Answer]
A. Yes, I do [Short Answer]

সাধারণত, এই সমস্ত অবস্থা আর পরিবেশের উপর নির্ভর করে। যেমন-আমরা ফোনে বা দোকানে বা রেলস্টেশনে এর ব্যবহার ভালভাবে বুঝতে পারি। এই সব পরিবেশ ছাড়া আমরা সম্পূর্ণভাবে প্রশ্নের জবাব দিয়ে থাকি। ভালভাবে অভ্যাস করলে এর আরতম্য বোঝা যাবে। নিচে কয়েকটি বাক্যের "পূর্ণ" উত্তর দেওয়া হ'ল এর "সংক্ষিপ্ত" উত্তর দেওয়ার চেষ্টা করুন-

1. No, I am not going there.
2. Yes, I have written her.
3. No, she has not replied to my letter.
4. Yes madam, I got up early.
5. Yes, I ate them.
6. Yes sir, I was reading a book while walking.
7. No, I had not gone to cinema.
8. No, I shall not play.
9. No, we shall not be coming again and again.
10. No, she will not have gone.

18. নিম্নলিখিত বাক্যগুলির ইংরেজি অনুবাদ করুন। উত্তর উল্টোভাবে নীচে দেওয়া হ'ল। দেখুন আপনি কতটা ঠিক করলেন।

- [1] তুমি জান? [2] আপনি জানেন কি? [3] ওনার ঠিকানা জানেন কি? [4] আপনার তো কোন আঘাত লাগেনি, লেগেছে? [5] আপনার আর কিছু বলার আছে? [6] আপনি রেগে গেছেন কি? [7] আপনি কি বাজার যাচ্ছেন? [8] টম্যাটোগুলি কি তাজা? [9] তিনি আপনার বাড়ি দেখেছেন কি? [10] তার জন্যে কোন চিঠি আছে কি? [11] সে আপনাকে জানতো? [12] তুমি গুলি খেয়েছিলে? [13] তুমি কিছু পেয়েছিলে কি? [14] একটা অনুরোধ করবো? [15] সব ঠিক আছে তো? [16] এটা কি সত্যি? [17] তিনি (স্ত্রী) কি আপনাকে চেনেন? [18] এখন বাড়ী যেতে পারি? [19] আপনারদের জন্যে এই পত্রিকাটি আনাবো? [20] দয়া করে একটা উপকার করবেন? [21] আপনি কি বেড়াতে যাবেন? [22] এই বাসটা মাদ্রাস হোটেলে থামবে? [23] ওনাকে কি ডেকে পাঠাবো? [24] তাঁর কাছে কি যাব? [25] আপনি কি একদিনের জন্যে থাকতে পারেন না? [26] আপনাকে বইটা কি এক সপ্তাহের জন্যে দিতে পারেন না? [27] রাসেল সাহেবের সঙ্গে দেখা করতে পারি?

- [1] Do you know? [2] Do you know? [3] Do you know his address? [4] Have you not got hurt have you? [5] Have you anything else to say? [6] Are you angry? [7] Are you going to the market? [8] Are the tomatoes fresh? [9] Has he seen your house? [10] Has there been any letter from him? [11] Did he know you? [12] Did you take the medicine? [13] Did you get something? [14] May I make request? [15] Is everything all right? [16] Is it a fact? [17] Does she know you? [18] May I go home now? [19] May we get this magazine for you? [20] Will you do me a favour? [21] Will you come for a walk? [22] Will this bus stop at Maas Hotel? [23] Shall I call her? [24] Shall I call on her? [25] Can you not stay for a day? [26] Can you not give me your book for a week? [27] Can I see Mr. Rasel?

উপদেশ : এই রকমভাবে আপনি ইংরেজি থেকে বাংলা অনুবাদ করুন আর নিজের বন্ধুদের সঙ্গে বা আপনজনদের সঙ্গে কথা বলার চেষ্টা করুন।

দ্বিতীয় অভিযান (IInd Expedition)

প্রথম দশদিন আমরা ইংরেজি কথা বলার সাধারণ ও প্রারম্ভিক নিয়মাবলীর সাথে আপনাদের পরিচয় করিয়ে দিয়েছি। এবার আমরা দ্বিতীয় পর্যায়ের অভিযানে অগ্রসর হই। পরের পাঁচদিন আমরা আপনাদের ইংরেজি লিপি, যাকে রোমান লিপি বলা হয়, অক্ষর লিখবার নিয়ম, রোমান লিপিতে বাংলা লেখা, ইংরেজি স্বর ও ব্যঞ্জনবর্ণের উচ্চারণ পদ্ধতি, তথা অনুচ্চারিত বর্ণের (Silent Letters) সহিত পরিচয় করিয়ে দেব।

রোমান লিপির বর্ণমালা

ইংরেজি বর্ণমালাতে 26 টি অক্ষর থাকে। তারা দূরকমের হয়-বড়- যেমন A ও ছোট যেমন a। বড় ও ছোট হাতের অক্ষরগুলোর আবার দূরকম রূপ আছে-ছাপার জন্য এক প্রকার, ও হাতে লেখার জন্য অন্য প্রকার। কাজেই ইংরেজি বর্ণ চার প্রকারের হয়-

1. ছাপার বড় অক্ষর [Capital]
2. ছাপার ছোট অক্ষর [Small]
3. লেখার বড় অক্ষর [Capital]
3. লেখার ছোট অক্ষর [Small]

Alphabet বর্ণমালা

ছাপার বড় অক্ষর [Capital letters]								ছাপার ছোট অক্ষর [Small letters]							
A	B	C	D	E	F	G	H	a	b	c	d	e	f	g	h
এ	বি	সি	ডি	ই	এফ	জি	এইচ	এ	বি	সি	ডি	ই	এফ	জি	এইচ
I	J	K	L	M	N	O	P	i	j	k	l	m	n	o	p
আই	জে	কে	এল	এম	এন	ও	পি	আই	জে	জে	এল	এম	এন	ও	পি
Q	R	S	T	U	V	W	X	q	r	s	t	u	v	w	x
কিউ	আর	এস	টি	ইউ	ভি	ডব্লিউ	এক্স	কিউ	আর	এস	টি	ইউ	ভি	ডব্লিউ	এক্স
			Y	Z							y	z			
			ওয়াই	জেড							ওয়াই	জেড			

ওপরের ছোট হাতের অক্ষর লিখবার সময় মনে রাখতে হবে যে-

1. চার লাইনের কাঠামোর ভেতর মধ্যের দুই লাইনে লিখবার অক্ষর 14টি- a, c, e, i, m, n, o, r, s, u, v, w, x, y, z.
2. ওপরের তিন লাইন নিয়ে লিখবার বর্ণ 6 টি- b, d, h, k, l, t.
3. চার লাইন নিয়ে লেখার অক্ষর কেবল একটি- f.
4. নীচের তিনটি লাইনে লেখার অক্ষর 5 টি- g, j, p, q ও y.

ইংরেজি হাতের লেখা যদি আপনার ভাল নাও হয়, তবুও নিরাশ হবার দরকার নেই। হাতের লেখা ভালো করার জন্য আন্তরিক চেষ্টা করলে নিশ্চয়ই সফলকাম হবেন। অনেকেই করতে পেরেছেনও। কেবল একটা কথা মনে রাখতে হবে যে রোমান লিপি একটা stylish অক্ষরগুলো কম বা বেশি চওড়া হয়, আর কিছু অক্ষর চার লাইনের পাতায় ওপরের দুটো কিংবা মধ্যের দুটো, বা নীচের দুটো কিংবা সব কটি লাইন নিয়েই লেখা হয়। এই কথাগুলো মনে করে লেখার অভ্যাস করুন। আস্তে আস্তে হাত বসে যাবে। আপনি ম্যাট্রিক পাশই হোন বা থ্যাঙ্কুয়েট, হাতের লেখা শোধরাবার জন্য যে কোন বয়সই উপযুক্ত। দৃঢ়প্রতিজ্ঞ হয়ে আজ একাদশ দিন থেকে চারলাইনের খাতায় রোজ একপাতা করে লিখুন। দেখবেন যে খুব শীগগিরই আপনার হাতের লেখা আগের চেয়ে সুন্দর হয়েছে। আপনার সাফল্যের শুভকামনা করি।

স্মরণীয় [To Remember]

1. ইংরেজি বর্ণমালার বড় অক্ষর [Capital Letters] দিয়ে [Proper Noun] [ব্যক্তিবাচক বিশেষ্য] বানান আরম্ভ করা হয় যেমন- Delhi কোন শব্দের সংক্ষিপ্ত রূপ লিখবার সময়ও বড় হাতের অক্ষর দিয়ে আরম্ভ করতে হয় যেমন- Doctor-এর সংক্ষিপ্ত রূপ Dr. । মাসের ও বারের নাম যেমন March, Saturday. 12 দিনে এই সম্বন্ধে আরও জানানো হবে। ইংরেজিতে আমির জন্য বড় হাতে I লেখা হয়, ছোট হাতের i নয়।
2. বাংলা শব্দ যেমন সাধারণত: লাইনের নীচে লেখা হয়, ইংরেজিতে সেরকম হয় না। ইংরেজিতে লাইনের ওপরে লেখা হয়।

ইংরেজি স্বর ও ব্যঞ্জন বর্ণ

ইংরেজিতে স্বর ও ব্যঞ্জন এই দুই প্রকারের বর্ণ হয়। এই স্বর [Vowels ভাওয়েলস্] ও ব্যঞ্জন [Consonants কনসোন্যান্টস্] বর্ণের উচ্চারণ পদ্ধতি নীচে দেওয়া হল। এই সঙ্গেই বাংলার বর্ণ ও শব্দ দ্বারা ইংরেজি [রোমান] বর্ণমালার সঙ্গেও পরিচয় করানো হয়েছে।

ইংরেজিতে পাঁচটি স্বর ও একুশটি ব্যঞ্জনবর্ণ হয়।

Vowels: A E I O U Consonants: B C D F G H J K L M N
P Q R S T V W X Y Z

ইংরেজির একটি বিশিষ্টতা এই যে অক্ষরগুলি উচ্চারণ আলাদাভাবে এক রকমের হয়, ও সেই অক্ষরগুলি দিয়ে যখন শব্দ রচনা করা হয়, তখন তাদের উচ্চারণ অন্য রকমের হয়। যেমন, G, H, L, M, N, P ইত্যাদি অক্ষরগুলো জি, এইচ, এল, এম্, এন্, জি এই রকম ভাবে উচ্চারিত হয়। কিন্তু যখন তারা শব্দের অংশ হয় তখন তাদের উচ্চারণ সাধারণত: 'গ', 'হ', 'ল', 'ম', 'ন' ও 'প' হয়।

ইংরেজি অক্ষরের উচ্চারণ পদ্ধতি

ইংরেজি বর্ণমালার অক্ষরের বিভিন্ন রকমের উচ্চারণের সাথে নীচে পরিচয় করানো হচ্ছে।

ইংরেজি বর্ণ উচ্চারণের রূপ

A [এ]	'অ'র মত যেমন Small [স্মল] এ এ'র মত যেমন way [ওয়ে তে'এ্যা'র মত 'এ্যা' এর মত যেমন Man [ম্যান] এ
B [বি]	ব' এর মত যেমন Book [বুক]
C [সি]	'ক' এর মত যেমন Cat [ক্যাট] এ 'স' এর মত যেমন Cent [সেন্ট] এ
D [ডি]	'ড' এর মত যেমন Did [ডিড]
E [ই]	'ই'র মত যেমন She [শী] তে 'এ'র মত যেমন Men [মেন] এ
F [এফ]	'ফ' এর মত যেমন Foot [ফুট]
G [জি]	'গ'র মত যেমন Good [গুড] এ 'জ'র মত যেমন George [জর্জ] এ
H [এইচ]	'হ'র মত যেমন Hen [হেন] এ
I [আই]	'ই'র মত যেমন India [ইন্ডিয়া] এ 'আই' এর মত যেমন Kind [কাইন্ড] এ
j [জে]	'জ' এর মত যেমন Joke [জোক] এ
K [কে]	'ক' এর মত যেমন Kick [কিক] এ
L [এল]	'ল' এর মত যেমন Letter [লেটার] এ

ইংরেজি বর্ণ উচ্চারণের রূপ

M [এম]	'ম' এর মত যেমন Man [ম্যান] এ
N [এন]	'ন' এর মত যেমন Nose [নোজ] এ
O [ও]	'ও' এর মত যেমন Open [ওপেন] এ
P [পি]	'প' এর মত যেমন Post [পোস্ট] এ
Q [কিউ]	'ক' এর মত যেমন Quick [কুইক] এ
R [আর]	'র' এর মত যেমন Remind [রিমাইন্ড] এ
S [এস]	'স' এর মত যেমন Small [স্মল] এ
T [টি]	'ট' এর মত যেমন Teacher [টিচার] এ
U [ইউ]	'আ'র মত যেমন up [আপ] Cup [কাপ] 'উ'র মত যেমন Put [পুট] Push [পুশ] 'ইউ'র মত যেমন value [ভ্যালু] 'ভ' এর মত যেমন Value [ভ্যালু] 'ওয়' এর মত যেমন Walk [ওয়াক] এ
V [ভি]	'ওয়' এর মত যেমন Walk [ওয়াক] এ
W [ডব্লিউ]	'এক্স' যেমন X-ray [এক্স-রে]
X [এক্স]	'ইয়'র মত যেমন Young [ইয়ং]
Y [ওয়াই]	'জ' এর মত যেমন Zoo [জু] তে
Z [জেড]	

ইংরেজির কতগুলি সংযুক্ত অক্ষর - 'ch' এর উচ্চারণ [চ] এর মত 'th' এর 'ঠ' ও 'থ' এর মত, ph এর 'ফ' এর মত, 'sh' এর 'শ' এর মত ও 'gh' এর 'ঘ' এর মত হয়।

['gh' এর আগে দীর্ঘ স্বর থাকলে সেই শব্দে 'gh' silent [উহ্য] হয়ে যায়। যেমন right [রাইট]-এ।

বড় ও ছোট হাতের অক্ষরের ব্যবহার

ইংরেজিতে বাক্য সাধারণত: ছোট অক্ষরেই লেখা হয়। কেবল কতগুলি ক্ষেত্রে বড় হাতের অক্ষর লেখা হয়। সেগুলি নিম্নে দেওয়া হ'ল।

1. প্রত্যেক বাক্যের প্রথম অক্ষর বড় হাতের হয়- This is box. When did you come? etc.
2. ব্যক্তিবাচক বিশেষ্য, [proper noun] বাক্যের যে স্থানেই হোক না বড় অক্ষর দিয়ে লিখতে হয়- the Ganges, the Taj, Mathura, Ram Nath etc.
3. ইংরেজী কবিতার প্রত্যেক স্তবকের প্রথম His coat is pagged, And blown away, He

* শব্দ রচনা করতে হলে Q এর সাথে U অবশ্যই থাকবে - quick, cheque ইত্যাদি।

শব্দ বড় অক্ষর দিয়ে আরম্ভ হয়—

- ইংরেজীতে সর্গক্ষিপকৃত অক্ষর বড় হাতের হয়—
- মাস ও সপ্তাহের দিনের নাম—
- ঈশ্বরের নাম ও সর্বনামগুলি—
- উপনামের প্রথম অক্ষরগুলি—

drops his head. And he knows not why.
N.B.P.T.O. etc.
January, March, Sunday, Monday, etc.
God, Lord, He, His,
B.A.L.B., M.Com. etc.

রোমান্ লিপিতে বাংলা বর্ণমালা

ব্রবর্ণ [Vowels]

AU	A	I	EE	U	U	R	LI	A	AI	O	OU
au	a	i	ee	u	u	r	li	a	ai	o	ou
অ	আ	ই	ঈ	উ	উ	ঋ	ঌ	এ	ঐ	ও	ঔ

[ঌ (লি) এর ব্যবহার আজকাল হয় না]

ব্যঞ্জনবর্ণ [Consonants]

K	KH	G	GH	N	CH	CHH	J	JH	N
k	kh	g	gh	n	ch	chh	j	jh	n
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ
T	TH	D	DH	N	T	TH	D	DH	N
t	th	d	dh	n	t	th	d	dh	n
ট	ঠ	ড	ঢ	ণ	ত	থ	দ	ধ	ন
P	PH	B	BH	M	Y	R	L	V	SH
p	ph	b	bh	m	y	r	l	v	sh
প	ফ	ব	ভ	ম	য়	র	ল	ব+	শ
SH	S	H	N	N	HI	সংযুক্ত অক্ষর [Compound Letter]			
sh	s	h	n	n	hi	KSH	TR	JN	
ষ	স	হ	ং	ক্ষ	ত্র	ksh	tr	jn	

+ অন্তস্ব 'ব' এর উচ্চারণ সংস্কৃত, হিন্দি ইত্যাদিতে ইংরেজি V এর মত হয়। বাংলায় 'ওয়' দিয়ে এই শব্দটির উচ্চারণ করা যেতে পারে— যেমন জওয়াহর [Jawahar]

যদিও বাংলাতে V কে 'ভ' এর অনুরূপ উচ্চারণ করা হয়, এই শব্দটির আসল উচ্চারণ অন্তস্ব 'ব' ও 'হ' এর মাঝামাঝি হলেই ভাল হয়। হিন্দিতে V কে 'ব' এর অনুরূপ হয়। কিন্তু 'হ' এর সামান্য আভাস থাকলেই ভাল হয়। 'ভ' কে Bh এর প্রতিরূপ হিসেবেই গণ্য করা উচিত, V এর নয়। 'প্রভাত'— prabhat, provat নয়।

এইবার আমরা কতকগুলি বাংলা শব্দ রোমান্ লিপিতে লিখে তাদের উচ্চারণ ও লেখন পদ্ধতির সাথে আপনাদের পরিচয় করিয়ে দিই—

এখন Akahn	আবার Abar	স্ত্রী Stree	নারী Nari
আম A.m	কুকুর Kukur	পয়সা paisa	কাক Kak
আচার Achar	ঘোড়া Ghoda	বুট But	কবিতা Kavita
গাধা Gadha	এক Ak	জল Jaul	অসার Ausar
হিন্দি Hindi	উর্দু Urdu	ইংরেজি Ingraji	বাংলা Bangla

নিচে বাংলায় কতকগুলি বাক্য ও তাঁদের ইংরেজি অনুবাদের রোমান্ লিপির রূপ দেওয়া হ'ল। এগুলো পড়ে ইংরেজিতে অনুবাদ করুন ও সেই বাক্যগুলিকে বাংলা লিপিতে লিখুন। এতে বাংলা শব্দাবলী কিরকম ভাবে রোমান্ লিপিতে লিখতে হয়, তার অভ্যাস হয়ে যাবে।

- তুমি কোথায় যাচ্ছ? Tumi kothai jachcho? 2. Where are you going? 4. এই জামাটা ময়লা। This shirt is dirty. 5. আমার চুল কাটো। Amar chul kato. 6. বাংলা একটি সহজ ভাষা। Bengali is an easy language.
- ওখানে কেউ আছে? Okhane Keo achche? 3. তুমি কি জাননা? Tumi ki janana? 4. এই জামাটা ময়লা। Ai jamata maila. 5. আমার চুল কাটো। Amar chul kato. 6. বাংলা একটি সহজ ভাষা। Bangla ekti sahaj bhasha.
- হোয়ার আর ইউ গোরিং? 4. এই জামাটা ময়লা। Hoয়ার আর ইউ গোরিং? Ai jamata maila. 5. আমার চুল কাটো। Amar chul kato. 6. বাংলা একটি সহজ ভাষা। Bangla ekti sahaj bhasha.
- ইঞ্জ এনিওয়ান্ দেয়ার? 4. এই জামাটা ময়লা। Inঞ্জ এনিওয়ান্ দেয়ার? Ai jamata maila. 5. আমার চুল কাটো। Amar chul kato. 6. বাংলা একটি সহজ ভাষা। Bangla ekti sahaj bhasha.
- ডোন্ট ইউ নো? 4. এই জামাটা ময়লা। Don't you know? ইউ নো? Ai jamata maila. 5. আমার চুল কাটো। Amar chul kato. 6. বাংলা একটি সহজ ভাষা। Bangla ekti sahaj bhasha.

'ক্ষ'— বাংলাতে এই সংযুক্তাক্ষরকে 'ক্খ' এর মত উচ্চারিত হয়। কিন্তু সংস্কৃত, হিন্দি ইত্যাদিতে 'ক্খ' এর উচ্চারণ হয় KSH বা X এর মত। যেমন 'লক্ষ'। ইংরেজিতে লেখা উচিত Laksha. Lakkha লেখা ভুল হবে। 'দক্ষ' হবে Daksha, পক্ষী হবে Pakshi ইত্যাদি।

N.B. বাংলাতে 'আত্মা', কে 'আণী', পদ্ম' কে 'পদ' উচ্চারণ করা হয়। কিন্তু ইংরেজিতে লিখতে হবে 'Atma', 'Padma' etc. লক্ষ্মী হবে 'Lakshmi', 'Lakkhi' নয়।

স্মরণীয় [To Remember]

- (i) ক্ এর জন্য ইংরেজিতে c,k,q স্থানবিশেষে ব্যবহার করা চলে। কখন কখন ck ও লেখা হয় যেমন block, c এর উচ্চারণ 'স' ও হয় যেমন cell সেল।
 (ii) যদিও g তে 'গ' এর উচ্চারণ হয় [good] ও 'তে জ' এর [jam] কখন কখন g- এর মতনও উচ্চারণ হয় যেমন, germ, generation.
 (iii) V এর উচ্চারণ আগেই বলা হয়েছে। W দ্বারা অন্তস্থ 'য়' এর উচ্চারণ হয়, যেমন well ওয়েল।
 (iv) বাংলার 'ফ' এর ইংরেজিতে ph দিয়ে উচ্চারণ করতে হয়ে, f দিয়ে নয়। f এর সঠিক উচ্চারণ 'ফ' দিয়ে হয় না। একটু অভ্যাস করলেই পার্থক্যটা বোঝা যাবে।
- কিছু বাংলা স্বর ও বর্ণের উচ্চারণের জন্য ইংরেজির accent mark ও ব্যবহার করা হয়। যেমন-আ a', ই i', উ u', গ n, ট t, ড d, ঝ r.
- | | | | | | | | | | | |
|----|----|-----|----|----|----|----|----|----|---|----|
| খ | ঘ | ছ | ঝ | ঠ | ঢ | থ | ধ | ফ | ও | ভ |
| kh | gh | chh | jh | th | dh | th | dh | ph | | bh |

এই শব্দগুলির উচ্চারণ বা লিখবার সময় ওদের পূর্ববর্তী অক্ষরের সাথে 'h' দিতে হয়।

13

ত্রয়োদশ দিন

13th Day

ইংরেজি উচ্চারণ English Pronunciation

ইংরেজি স্বরবর্ণের উচ্চারণ ভাষাভাষে জেনে নেওয়া দরকার কেননা একই স্বরের বিভিন্ন প্রকারের উচ্চারণ হয়। যেমন A' এর উচ্চারণ অ, আ, এ, ও, এ্যা এই চাররকম হয়। e'-এর উচ্চারণ হয় এ, ই ও ই [EE হলে]; I'-এর উচ্চারণ হয় ই, আয় ও কখন কখন অ-এর মতও। O' দিয়ে অ, ও, উ, ও এর উচ্চারণ হয়, এবং 'U'. 'উ' ও আ'র মতনও উচ্চারণ হয়। এই উচ্চারণগুলো রপ্ত করতে ভালই লাগবে আপনার।

প্রথমেই আমরা স্বরবর্ণের উচ্চারণের সাথে পরিচয় করে নিই।

ইংরেজি স্বরবর্ণের উচ্চারণ

1. A এর উচ্চারণের নিয়ম-

a [a] এর উচ্চারণ প্রায়ই 'এ্যা', 'আ', 'অ', 'এ'-র মত হয়।

A-এ্যা [A]

An [এ্যান]- এক	At [এ্যাট]- প্রতি
Lad [ল্যাড]- ছেলে	[কারও কোন বস্তু]
Man [ম্যান]- মানুষ	Rat [র্যাট]- ইঁদুর
Mad [ম্যাড]- পাগল	Stand [স্ট্যান্ড]- দাড়ানো
	Ban [ব্যান]- প্রতিবন্ধ

A-এয়া

Ware [ওয়ার]- বাসনপত্র, কেনাবেচার জিনিস।	Spare [স্পেয়ার]- ছেড়ে দেওয়া, অতিরিক্ত
Care [কেয়ার]- সামলান	Dare [ডেয়ার]- সাহস করা

Share [শেয়ার]- ভাগ

A-এ

যদি 'A' র পরে 'I' বা 'Y' থাকে তবে 'A' র উচ্চারণ এ'র মত হয়।

Pay [পে]- বেতন	Way [ওয়ে]- রাস্তা
Stay [স্টে]- থাকা	Gay [গে]- প্রসন্ন
Brain [ব্রেন]- মস্তিষ্ক	Main [মেন]- প্রধান

2. E-এর উচ্চারণের নিয়ম-

E' [e] দিয়ে 'এ'-র ও 'ই' ও 'ঈ'-র মত উচ্চারণ হয়।

E-e [এ]

Net [নেট]- জাল	Men [মেন]- লোকেরা
Sell [সেল]- বিক্রি করা	Well [ওয়েল]- মজল, কুয়ো
Wet [ওয়েট]- ভিজ	Then [দেন]- তখন
	When [হোয়েন]- কখন

A-আ [I]

Car [কার]- গাড়ি	War [ওয়ার]- যুদ্ধ
Far [ফার]- দূর	Are [আর]- হয়
Part [পার্ট]- অংশ	Grasp [গ্রাস্প]- অনুধাবন
Wall [ওয়াল]- দেওয়াল	করা, বুঝতে পারা

A-অ

Small [স্মল]- ছোট	All [অল]- সব
Call [কল]- ডাকা	For [ফর]- জন্য
Stop [স্টপ]- থামা	Top [টপ]- শিখর

উপরের e দিয়ে বানান শব্দগুলো চট করে উচ্চারণ করতে হয়। নেট'-কে বাংলায় বেশ'-এর মত যেন উচ্চারণ না করা হয়। অত্যন্ত হ্রস্ব এ গুণশেষের অক্ষরটি হলন্ত উচ্চারণ করতে হয়।)

E[e] ই

Be [বী]-হওয়া We [উই]- আমরা
Weep [উইপ]- কঁাদা Sleep [স্লীপ]- ঘুমানো
[e' ও 'ee' দিয়ে লিখিত শব্দের উচ্চারণের পার্থক্যটা বুঝে নিন।]

Ea-[ea]-ঈ

Clean [ক্লীন]- পরিষ্কার করা Sea [সী]-সমুদ্র
Meat [মীট]-মাংস Heat [হীট]-গরম করা
['ea'-র উচ্চারণ 'e' ও 'ea'-র মাঝামাঝি]

E[e]-যবন এই অক্ষরের উচ্চারণ হয় না।

কোনও শব্দের শেষের অক্ষর E হলে, সেই E টির উচ্চারণ হয় না। আর সেই E-এর আগের একটি বা একটির অধিক ব্যঞ্জনবর্ণ [Consonants]

ছেড়ে যে স্বরবর্ণ [Vowels] থাকে, সেই স্বরের উচ্চারণ দীর্ঘ হয়ে যায়। নীচে পূর্ববর্তী স্বর, A, I,

O,U-র সাথে অন্তিম বর্ণ E থাকলে সেই শব্দগুলির উচ্চারণ করার নিয়ম দেওয়া হল-

[a] পূর্ববর্তী স্বর A হলে তার উচ্চারণ দীর্ঘ 'এ' হয় ও অন্তিম E-এর উচ্চারণ হয় না। যেমন-

Shame [শেম]-লজ্জা Name [নেম]-নাম
Lame [লেম]-খোঁড়া Same [সেম]-একই

[b] পূর্ববর্তী স্বর I হলে তার উচ্চারণ 'আই' হয়। E-এর উচ্চারণ হবে না। যেমন-

Wife [ওয়াইফ]-স্ত্রী Nine [নাইন]-নয়[সংখ্যা]
White [হোয়াইট]-সাদা Line [লাইন]-রেখা

[c] পূর্ববর্তী স্বর O হলে তার উচ্চারণ হবে 'উ'

বা 'ইউ'র মত, ও E এর উচ্চারণ হবে না। যেমন,

Nose [নোজ]-নাক Hope [হোপ]-আশা
Smoke [স্মোক]-ধোঁয়া Joke [জোক]-পরিহাস

[d] পূর্ববর্তী স্বর U হলে তার উচ্চারণ হবে

'উ' বা 'ইউ'র মত, ও E র উচ্চারণ হবে না। যেমন,

Rule [রুল]-নিয়ম Tune [টিউন]-সুর
June [জুন]-মাসের নাম Tube [টিউব]-নল

EW[ew]- ইউ

Few [ফিউ]-কিছু Sew [সিউ]-সেলাই করা
New [নিউ]-নতুন Dew [ডিউ]-শিশির
Sow [সো]-বীজ বোনা

I-আই

Kind [কাইন্ড]-দয়ালু Mild [মাইল্ড]-কোমল, হালকা
Behind [বিহাইন্ড]-পেছনে Mike [মাইক]-মাইক্রোফোন

I- আই

যদি I এর পর GH আসে তো I এর উচ্চারণ 'আই' বা 'আদি' হয়।

Right [রাইট]-ঠিক Sight [সাইট]-দৃষ্টি
Light [লাইট]-আলো, হালকা Might [মাইট]-শক্তি
Hight [হাই]-উঁচু Bright [ব্রাইট]-উজ্জ্বল

I-আয়

Firm [ফার্ম]-সংস্থা First [ফার্স্ট]-প্রথম
[এই স্থলে 'আ'-এর উচ্চারণ হ্রস্ব হওয়া উচিত, অনেকটা 'অ' এর মত]

IE-ঈ

Receive [রিসীভ]-নেওয়া Achieve [অ্যাচিভ]-প্রাপ্ত করা
Sieve [সীভ]-চালনি
Siege [সীজ]-ঘিরে ফেলা

4.0 এর উচ্চারণ করার নিয়ম=

O[o]-এর উচ্চারণ সাধারণত 'অ', 'ও', 'উ' 'উ'-র মত হয়।

O-অ [হ্রস্ব]

Ox [অক্স]-বলদ Box [বক্স]-বাক্স
On [অন]-ওপরে Fox [ফক্স]-খেকশিয়াল
Got [গট]-পেয়েছে, পেয়েছি Hot [হট]-গরম
Pot [পট]-পাত্র, Spot [স্পট]-দাগ
Top [টপ]-শিখর Drop [ড্রপ]-ফেলে দেওয়া
Dot [ডট]-বিন্দু Soft [সফট]-নরম, মোলায়েম
Not [নট]-না God [গড]-ঈশ্বর

O-ও দীর্ঘ উচ্চারণ

Open [ওপেন]-খোলা So [সো]-অতীব
Hope [হোপ]-আশা No [নো]-না
Old [ওল্ড]-পুরাতন Gold [গোল্ড]-স্বর্ণ
Fold [ফোল্ড]-গোটানো, Sold [সোল্ড]-বিক্রীত
তাঁজ করা Most [বেশীর ভাগ]
Home [হোম]-বাড়ি Post [পোস্ট]-ডাক
Joke [জোক]-পরিহাস

O-ও [দীর্ঘ উচ্চারণ]

শব্দের শেষ অক্ষর w হলে উচ্চারণ আগের [i:] মতনই হবে, তবে ঠিক অতটা দীর্ঘ হয় না।

Low [লো]-নীচ Show [শো]-প্রদর্শন
Row [রো]-সারি Crow [ক্রো]-কাক
Bow [বো]-বুকে দাঁড়ানো

3.I এর উচ্চারণের নিয়ম-

[i] এর উচ্চারণ আই, ই ও কখন কখন আবার 'আ' এর মত হয়।

I- ই [হ্রস্ব উচ্চারণ]

Ill [ইল]-অসুস্থ

Ink [ইঙ্ক]-কালি

O-উ [হ্রস্ব উচ্চারণ]

Look [লুক]-দেখা

Took [টুক]-নিয়েছিল

O-উ [দীর্ঘ উচ্চারণ]

Room [রুম]-রুম

Boot [বুট]-বুট

Do [ডু]-করা

O-অ [হ্রস্ব উচ্চারণ]

Son [সন]-পুত্র

OW-আও

How [হাও]-কেমন করে

Now [নাও]-এখন

OY- অয়

Joy [জয়]-আনন্দ

Toy [টয়]-খেলনা

OU-আওয়া

Our [আওয়ার]-আমাদের

Hour [আওয়ার]-ঘন্টা

5.U উচ্চারণ করার নিয়ম-

U[u] উচ্চারণ হয় নিম্ন প্রকার মত- 'আ' [খুবই হ্রস্ব],
উ, ইউ, ও ইয়ো'।

U-আ [খুবই হ্রস্ব]

Up [আপ]-ওপরে

Tub [টাব]-বড় গামলা, স্নানাধার

Hut [হাট]-কুড়েঘর

Kill [কিল]-হত্যা

Ship [শিপ]-জাহাজ

Book [বুক]-বই

Good [গুড]-ভাল

Moon [মুন]-চাঁদ

Noon [নুন]-দুপুর

Shoe [শু]-জুতো

Come [কাম]-এস

Cow [কাও]-গরু

Y-ই

Boy [বয়]-ছেলে

Sour [সাওয়ার]-টক

Cup [কাপ]-পেয়ালা

Fun [ফান]-কৌতুক

Mud [মাড]-কাদা

Must [মাস্ট]-অবশ্য

Curd [কার্ড]-দই

Cut [কাট]-কাটা

Sun [সান]-সূর্য

Dust [ডাস্ট]-ধুলো

Jump [জাম্প]-কীপানো

U-উ

Put [পুট]-রাখা

Pull [পুল]-টানা

Push [পুশ]-ধাক্কা দেওয়া

Puss [পুস]-বেড়াল

U-ইউ; ইয়ো

Duty [ডিউটি]-কর্তব্য

Durable [ডিউরেবল]-টেকসই

6.Y উচ্চারণ করার নিয়ম-

এই ব্যঞ্জনবর্ণটির কখন কখন স্বরের মতনও উচ্চারণ হয়।
প্রাচীন ইংরেজিতে Y কে স্বরবর্ণ হিসেবেই গণ্য করা হতো।
কিন্তু ধীরে ধীরে I বর্ণটির স্থান নিয়ে নিয়েছে। মাত্র অল্প
কয়েকটি স্থানে Y কে স্বরবর্ণ হিসেবে ব্যবহার করা হয়। যেমন-

Polygamy [পলিগ্যামি]

-বহুবিবাহ

Felony [ফেলোনি]-ঘোরতম অপরাধ

Y- আয়

Tyre [টায়ার]-টায়ার

Typhoid [টায়ফয়েড]-আন্ত্রিক জ্বর

Y- আই

Dyke [ডাইক]-বাঁধ

Type [টাইপ]-প্রকার

Policy [পলিসি]-নীতি

Tyrant [টায়ারান্ট]-অত্যাচারি

Dynasty [ডিনেসটি]-রাজবংশ

Tycoon [টাইকুন]-বড় ব্যবসায়ী

স্মরণীয় [To Remember]

- fan, fall, fail এই তিনটি শব্দতে 'a' এর উচ্চারণ 'এ্যা' 'অ' 'এ' র মত হয়। এইরকম অন্য শব্দ খুঁজুন ও সেই শব্দগুলি উচ্চারণ করার নিয়ম অভ্যাস করুন।
- wet, be, see- এই শব্দগুলিতে 'e' এর উচ্চারণ হয় এ' [ওয়েট], ই [বী] ও ই [সী] এর মত। shame, line, hope এ e উহ্য থাকে তবে শব্দের প্রথমে স্বরবর্ণগুলির উচ্চারণ দীর্ঘ হয়ে যায়।
- i এর উচ্চারণ যে [খুবই] হ্রস্ব 'আ' এর মত হয় তা জানেন কি? দেখুন firm [ফার্ম] এর উচ্চারণ। i এর কখনও কখনও 'আয়' এর মতনও উচ্চারণ হয়, যেমন fire [ফায়ার]।
- oo এর উচ্চারণ উ [দীর্ঘ] ত হয়ই যেমন room [রুম], [হ্রস্ব] উ ও হয়। উদাহরণত: book [বুক], look [লুক], ইত্যাদি।
- o এর উচ্চারণ 'ও' এবং u এর উচ্চারণ 'উ'র মত ত হয়ই, কখন কখন কিছু খুবই হ্রস্ব 'আ' এর মতনও হয়। যেমন son [সান]-পুত্র ও sun [সান]-সূর্য।

এই পাঠ থেকে আপনি ইংরেজি স্বরবর্ণের উচ্চারণ ভালভাবে করা শিখলেন। এখন ইংরেজি বই থেকে শব্দের উচ্চারণ করা শিখতে থাকুন।

ইংরেজি ব্যঞ্জনবর্ণের উচ্চারণ

ইংরেজি স্বরবর্ণের মত কিছু ব্যঞ্জনবর্ণের [Consonant] উচ্চারণও বিভিন্ন প্রকারের হয়। যেমন C এর উচ্চারণ স ও ক হয়; G এর গ ও জ; S এর স, শ ও জ; T এর স, চ, থ ও দ ইত্যাদি। আপনি যদি নিম্নলিখিত বিবরণ অনুযায়ী ইংরেজি ব্যঞ্জনবর্ণের উচ্চারণ শিখে নিতে পারেন তবে আপনার পক্ষে ইংরেজি শব্দের উচ্চারণ করা সহজ হবে।

ইংরেজির ব্যঞ্জনবর্ণগুলি হ'ল

B	C	D	F	G	H	J	K	L	M	N
ব	স	ড	ফ	গ	হ	জ	ক	ল	ম	ন
P	Q	R	S	T	V	W	X	Y	Z	
প	ক	র	স	ট	ভ	ওয়	ক্স	য়	জ+	

ইংরেজি ব্যঞ্জনবর্ণের উচ্চারণ মোটের উপর নীচে দেওয়া বাংলা অক্ষরের মতনই হয়ে থাকে। কিন্তু তা একেবারে সঠিক নয়। যদি আপনি এখন কোন ব্যক্তির মুখে ইংরেজি শোনেন, তবে দেখবেন যে B D G K P T -এর উচ্চারণ ঠিক ব, ড, গ, ক, প, ট-এর মত নয়। ক্রমশ: ব-ভ, ড-ট, গ-ঘ, ক-খ, প-ফ, ও ট-ঠ এর মাঝামাঝি হয়। সেই J ও ঠিক জ না হয়ে অনেকটা ডজ [Job ডজব] এর মতন হয়। কিন্তু পার্থক্যটা এতই সূক্ষ্ম যে সহজে ধরা যায় না। সঠিক উচ্চারণ শিখতে হলে রেডিওতে ইংরেজি খবর পড়া বা কোন ইংরেজি মাতৃভাষা ভাষীর ব্রডকাস্ট শুনুন।

R কেই নেওয়া যাক। আমরা যদি আরও বলতে থাকি ত আমাদের জিভ কাঁপতে থাকে যেমন ধর্ম শব্দটির উচ্চারণ করার সময় হয়। ইংরেজি R-এর উচ্চারণ অনেকটা এই রকমের হয় round, read, roll, run এই শব্দগুলো উচ্চারণ করে R এর উচ্চারণের বিষয়ে অবহিত হোন।

ইংরেজি শব্দে যদি R এর আগে স্বর [vowel] ও পরে ব্যঞ্জন [consonant] থাকে তবে R প্রায়ই উহ [silent] হয়ে থাকে যেমন- form [ফ-অ-ম], arm [আ-আ-ম], art [আ-আ-ট]।

S এর উচ্চারণ 'স' এর মত হয়, কিন্তু 'স' এর উচ্চারণ শেষ দেওয়ার সময় যেরকম আওয়াজ হয়, সেই রকম করতে হবে। যেমন sweet [সুইট]।

C	F	H	L	M	N	Q	V	W	X	Y	Z
স,ক	ফ	হ	ল	ম	ন	ক	ভ	ওয়	ক্স	য়	জ

-এই ব্যঞ্জনগুলির উচ্চারণ ঐ অক্ষরগুলির নীচে দেওয়া বাংলা বর্ণের মতনই হয় সাধারণত: [কেবল V ও Z ছাড়া]।

[F ও Ph এর উচ্চারণ একই প্রকার করা হয় যেমন fall [ফল] ও philosophy [ফিলসফি] ইত্যাদি। বাংলাতে f ও ph এর উচ্চারণ 'ফ' এর মত করা হলেও তা সঠিক নয়। শেষ দেওয়ার মত করে অথচ 'স'-এর কোনরকম আভাষ না দিয়ে, ইংরেজিতে f ও ph এর উচ্চারণ করতে হয়।]

ইংরেজির একই বর্ণের বিভিন্ন উচ্চারণ

বাংলাতে 'স' দিয়ে যে কোন শব্দই রচনা করা হোক না কেন, তার উচ্চারণের কোন প্রভেদ হয় না। কিন্তু ইংরেজিতে সব সময় তা হয় না। CENT এর উচ্চারণ সেন্ট, কিন্তু CANT এর উচ্চারণ কান্ট। এই রকম আরও অনেক শব্দ নীচে দেওয়া হল।

'C' এর উচ্চারণ-

1. C এর পর E, I, Y থাকলে উচ্চারণ স এর মত হবে। উদাহরণত :

Receive [রিসীভ]-নেওয়া	Rice [রাইস]-চাল	Cinema [সিনেমা]-ছায়াচিত্র
Cyclone [সাইক্লোন]-ঘূর্ণিঝড়	Niece [নীস]-ভাইজি, ভাগ্নী	Piece [পীস]-টুকরো
Icy [আইসী]-বরফের মত	Celebrate [সেলিব্রেট]-উৎসব পালন করা	Century [সেনচুরী]-শতাব্দী, শত
Certificate [সার্টিফিকেট]-প্রশংসা পত্র	Circle [সার্কল]-বৃত্ত	Citizenship [সিটিজেনশিপ]-নাগরিকতা

[V এর উচ্চারণ বাংলাতে ভ-এর মত করা প্রচলিত। কিন্তু এই অক্ষরটির উচ্চারণ অন্তস্ব 'ব'-এর মত হওয়া উচিত। কিন্তু বাংলাতে অন্তস্ব 'ব'-এর উচ্চারণও প-বর্ণের 'ব' মত হয়। এজন্য V-এর প্রতি শব্দ বাংলাতে পাওয়া যায় না। 'ওয়' এবং 'হী' এই শব্দাংশগুলি একই সাথে অতিশীঘ্র উচ্চারণ করতে পারলে অনেকটা V-এর আসল উচ্চারণের মত হবে। কেবলমাত্র সুবিধার জন্য আমরা V-এর প্রতিশব্দ লিখব।]

[+ Z -এর সঠিক উচ্চারণও জ' দিয়ে হয় না। জ-এর আগে সামান্য 'স' দিতে হয়। পূর্ববঙ্গের জ-এর উচ্চারণের সাথে Z-এর অনেকটা মিল আছে।]

2. C এর পর A, O, U, K, T ইত্যাদি বর্ণ থাকলে উচ্চারণ ক এর মত হয়।

Cot [কট]-পালঙ্ক, চারপাই	Cap [কাপ]-টুপি	Cow [কাউ]-গরু
Cat [ক্যাট]-বিড়াল	Candidate [ক্যান্ডিডেট]-প্রত্যাশী	Cattle [ক্যাটল]-গরু ইত্যাদি জীবজন্তু
Back [ব্যাক]-পিঠ, পেছনে	Book [বুক]-পুস্তক	Cock [কক]-মোরগ
Lock [লক]-তলা	Dock [ডক]-বন্দরে যেখানে জাহাজ এসে থাকে	Cutting [কাটিং]-কাটা
Course [কোর্স]-শাপ দেওয়া	Custom [কাস্টম]-রীতি	Cruel [ক্রুয়েল]-নিষ্ঠুর

3. কখন কখন C এর পর IA বা EA থাকে। সেক্ষেত্রে C এর উচ্চারণ শ এর মত হবে। উদাহরণত-

Social [সোশাল]-সামাজিক	Ocean [ওশান]-মহাসাগর	Musician [মিউজিশিয়ান]-সঙ্গীতজ্ঞ
------------------------	----------------------	----------------------------------

'G' এর উচ্চারণ-

G দুরকম ভাবে উচ্চারিত হয় 'গ'-এর মত ও 'জ' এর মত।

1. শব্দের শেষে GE থাকলে G-এর উচ্চারণ 'জ' এর মত হবে। যেমন-

Age [এজ]-বয়স	Page [পেজ]-পাতা	Rage [রেজ]-ক্রোধ
Ginger [জিনজার]-আদা	Imagine [ইমাজিন]-কল্পনা করা	Pigeon [পিজন]-পায়রা
Germ [জার্ম]-জীবাণু		

2. অন্য প্রায় সব ক্ষেত্রেই G এর উচ্চারণ গ এর মত হবে।

Big [বিগ]-বড়	Bag [ব্যাগ]-থলে	Hang [হ্যাং]-ঝোলান
Gold [গোল্ড]-সোনা		

'S' এর উচ্চারণ-

S সাধারণত; তিন রকম ভাবে উচ্চারণ করা হয়-'স', 'শ' ও 'জ' এর মত।

[তবে এই স্থানে জীবন' এর জ' এর মত করে উচ্চারণ করলে ভুল হবে। সামান্য একটু স' এর আভাস থাকা দরকার।]

1. শব্দের শেষে BE, G, GG, GE, OE, IE, EE, Y ইত্যাদি ও তার পরে S থাকলে উচ্চারণ জ এর মত হয় [ওপরের টীকা দ্রষ্টব্য]

Tribes [ট্রাইব্জ]-জাতি	Stories [স্টোরিজ]-গল্পগুলি	Bags [ব্যাগ্জ]-থলিগুলি
Rupees [রুপীজ]-টাকা	Ages [এজেজ]-যুগ	Toys [টয়েজ]-খেলনাগুলি
Heroes [হিরোজ]-বীরগণ, নায়কগণ	Eggs [এগ্জ]-ডিমগুলি	Rays [রেজ]-কিরণগুলি

2. শব্দের অন্তে F, P, PE, TE ও তারপর S থাকলে উচ্চারণ 'স্' এর মত হয়-

Roofs [রুফ্‌স]-ছাদগুলি	Kites [কাইট্‌স]-ঘুড়িগুলো	chips [চিপ্‌স্]-টুকরোগুলি
Ships [শিপ্‌স্]-জাহাজগুলি	Hopes [হোপ্‌স্]-আশা [বহুবচন]	Jokes [জোক্‌স্]-পরিহাসগুলি

3. শব্দে যদি S বা SS থাকে ও তারপর IA বা ION হয়,, হবে S এর উচ্চারণ শ এর মত হয়। যথা-

Asia [এশিয়া]-মহাদেশ এর নাম	Aggression [এগ্রেশন্]-আক্রমণ	Pension [পেনশন্]-পেনশন
Mansion [ম্যানশন্]-প্রসাদ, অট্টালিকা	Session [সেশন্]-কর্তব্যকাল, অধিবেশন	Russia [রাশিয়া]-সোভিয়েত রাশিয়া

T এর উচ্চারণ-

স্থান বিশেষে T এর উচ্চারণ শ', চ', থ' ও দ এর মত হয়।

1. শব্দে T এর পরে IA, IE, IO ইত্যাদি বর্ণ থাকলে T কে শ' এর মত করে উচ্চারণ করা হয়। যেমন-

Intial [ইনিশিয়াল]-প্রারম্ভিক	Portion [পোরশন্]-ভাগ	patient [পেশন্ট]-রোগী
Promotion [প্রোমোশন্]-বৃদ্ধি, পদোন্নতি	Illustration [ইলস্ট্রেশন্]-চিত্র	Ratio [রেশিও]-অনুপাত

2. যদি শব্দে S এর পরে tion থাকে বা T এর পর ure থাকে তবে T এর উচ্চারণ চ' এর মত হয়। যেমন-

Question [কোয়েশন্]-প্রশ্ন	Future [ফিউচার]-ভবিষ্যৎ	Culture [কালচার]-সংস্কৃতি
Capture [ক্যাপচার]-বন্দী করা	Nature [নেচার]-প্রকৃতি	Picture [পিকচার]-ছবি

3. যদি শব্দে T- এর পরে H থাকে, সেক্ষেত্রে কখনও কখনও থ', কখনও কখনও দ' উচ্চারণ করা হয়। যেমন-

Thick [থিক]-মোটা	Thin [থিন]-পাতলা	This [দিস]-এই
That [দ্যাট]-ঐ	Three [থ্রি]-তিন	Thread [থ্রেড]-সূতা
Then [দেন]-তখন	There [দেয়ার]-ওখানে	

4. কখন কখনও TH ট' হিসেবে উচ্চারিত হয়। যেমন-

Thames [টেম্‌স্]-টেমস নদী	Thomas [টমাস]-ব্যক্তি নাম
---------------------------	---------------------------

স্মরণীয় [To Remember]

1. B,D,G,K,P,T এর উচ্চারণ তথা বর্ন অনুযায়ী ব,ড,গ,ক,প,ট এদের তফাৎ কোথায় এবং কি সেটা ভালভাবে বুঝতে চেষ্টা করুন।
2. J,R,S এর উচ্চারণ বাংলায় প্রচলিত জ,ব,স,নয়,ডজ, কর, স্ম-এর মত অনেকটা। একাণ্ডে অভ্যাস করুন এই উচ্চারণগুলি।
3. Qf-এর সাধারণ উচ্চারণ অব' হয় কিন্তু বিলাতের লোকেরা অফ' বলে [এ বিষয়ে অক্সফোর্ড ডিকশনারী দেখুন।]
4. The -এর উচ্চারণ কেউ কেউ দি বলে আবার কেউ দ্য বলে [কেউ কেউ মনে করেন দি' বলা ভুল আবার কেউ দ্য' ভুল বলেন। কিন্তু দুটোই ঠিক। অক্সফোর্ড ডিকশনারী অনুসারে শব্দের আগে স্বরবর্ণ থাকলে The এর উচ্চারণ দি হয়। যেমন- The answer দি আনসার] আর ব্যঞ্জনবর্ণ থাকলে the "দ্য"-এর মত উচ্চারণ হয়। যেমন- The question-দ্য কোয়েস্টন।
5. C'-কে স ক; G'-কে গ জ, S-কে স শ; T-শ চ ইত্যাদি উচ্চারণ করা হয়। অভ্যাস করে প্রভেদটা আরও বোঝার চেষ্টা করুন।

15

পঞ্চদশ দিন

15th Day

শব্দে অনুচ্চারিত অক্ষর [Silent letters in words]

ইংরেজিতে কতকগুলি অক্ষর অনুচ্চারিত[অর্থাৎ Silent] থাকে। বিদেশি ভাষার এই বৈশিষ্ট্য ভারতীয় শিক্ষার্থীদের পক্ষে অনুধাবন করা কষ্টকর হয়। নীচে এগুলি সুন্দরভাবে দেখানো হয়েছে। এদের অভ্যাস করে নিন। তাতে কিছুদিনের মধ্যেই আপনি এই রকম শব্দের উচ্চারণে সড়গড় হয়ে যাবেন।

1

নিম্নলিখিত শব্দগুলি জোরে জোরে উচ্চারণ করে পড়ুন ও সামনে লেখা উচ্চারণের দিকে দৃষ্টি দিন কোনটি ঠিক তা জেনে নিন।

	1	2	
Bomb	[বম]	[বম্ব]	+ বোমা
Comb	[কোম]	[কোম্ব]	+ চিরুনি
Domb	[ডাম্ব]	[ডাম্ব]	+ বোবা
Thumb	[ধাম]	[ধাম্ব]	+ বুড়ো আঙ্গুল
Tomb	[টুম]	[টুম্ব]	+ সমাধি
Lamb	[ল্যাম]	[ল্যাম্ব]	+ মেষশাবক
Debt	[ডেট]	[ডেব্ট]	+ ধার
Doubt	[ডাউট]	[ডাউব্ট]	+ সন্দেহ

আপনি বোধহয় বুঝতে পেরেছেন যে বম, কোম, ডাউট ইত্যাদি No.1-এর উচ্চারণগুলিই ঠিক, No.2-এর গুলি নয়। শব্দটাই, এই শব্দগুলিতে b silent বা অনুচ্চারিত হয়।

ইংরেজিতে এই রকম অসংখ্য শব্দ আছে ফলে তাদের spelling-এ প্রায়ই ভুল হয়ে যায়। লেখা হয় debt ডেব্ট কিন্তু উচ্চারণ করা হয় ডেট। এই শব্দে b silent আছে বলা হয়।

বাংলায় এরকম উচ্চারণ হয় না। বম্ব'লেখা হলে তার উচ্চারণ বম্বই হবে বম কখনই নয়। বাংলাতে যে শব্দ লেখা হয়, ঠিক সেইরকমই তার উচ্চারণ হয়।

এখন প্রশ্ন ওঠে এই যে ইংরেজিতে স্বরবর্ণের উচ্চারণে এত বিবিধতা কেন? লেখা হ'ল কিছু, আর উচ্চারণ হ'ল অন্য কিছু। কেন কেন অক্ষর অনুচ্চারিত থাকে? যদি উচ্চারণ করা নাই হ'ল, তবে রাখা কেন?

এর উত্তর দেওয়া কঠিন ও বিতর্কসাপেক্ষ। ভাষা বিজ্ঞান-এর ছাত্র হিসেবে আমি কেবল এইটুকুই বলতে পারি যে ইংরেজ জাতি অত্যন্ত ঐতিহ্য পরায়ণ। অতীতের সাথে সম্বন্ধ বিচ্ছেদ তারা সহজে করতে পারে না। ইংরেজরা নিজেদের ভাষাতে পুরাতন অনেক ভাষার শব্দকেই স্থান দিয়েছে তাদের উচ্চারণ ও বানান যথাবৎ রেখে। উচ্চারণ সময়ের সাথে হয়ত বদলেছে, কিন্তু বানান বদলায়নি। না ইংরেজরা তা বদলাতে বিশেষ ইচ্ছুক। কেননা তাদের ভয় যে হয়ত পরিণামে শব্দের অর্থ বোধগোম্য হবে না। বাংলার শব্দই দেখুন। ধর্ম, শর্মা, কর্তব্য, বর্ধমান ইত্যাদি শব্দ আজকাল ধর্ম, শর্মা, বর্ধমান এইভাবে উচ্চারণ করা হয় ও লেখাও সেই রকমভাবেই হয়। কিন্তু ইংরেজ জাতি পুরাতন উচ্চারণের আসক্তি থেকে মুক্ত হতে পারেনি। Know [নো-জনা]। এর থেকে হয়েছে Knowledge [নলেজ-এতে k,w,d ও শেষের e এই চারটি অক্ষর silent]। আবার এই শব্দের আগে ac [এ্যাক] জুড়ে দিলে হয়ে যায় acknowledgement [এ্যাকনলেজমেন্ট]। কিন্তু যদি noleg লেখা হয় [knowledge-এর স্থানে] তবে ইংরেজের মতে-এই শব্দের না মাথা থাকে না মুণ্ড। আর এই রকম ভাবে বানান করা

হলে তো শব্দের প্রসাদ তাসের ঘরের মত ভেঙে চূর হয়ে যাবে।

অতএব, একথা স্বীকার করা ভাল যে ইংরেজিতে কিছু অক্ষর silent থাকে। তারপর সেই শব্দের বানান, উচ্চারণ ও অর্থ বোঝার চেষ্টা করা উচিত। দেখবেন, কিছুদিনের মধ্যেই আপনি এগুলো রপ্ত করে ফেলেছেন।

2

শব্দের প্রথম অক্ষর কি অনুচ্চারিত থাকে?

শব্দের প্রথম অক্ষরটিই silent হয় নাকি কখন কখন? হাঁ, হয়। নীচে দেওয়া শব্দগুলির বানান ও উচ্চারণ ভালভাবে লক্ষ্য করুন।

Gnat [ন্যাট]-কীট বিশেষ, লড়াকু বিমান

Honour [অনার]-সম্মান

Hour [আওয়ার]-ঘন্টা

Pneumonia [নিউমোনিয়া]-ফুসফুস ঘটিত অসুখ

উপরের দেওয়া শব্দে প্রথম অক্ষরগুলি silent থাকে,, তাদের উচ্চারণ হয় না। এবার এই শব্দগুলির উচ্চারণ করুন-

Wrong, Know, Knitting, Honest, Psalm [রং, নো, নিটিং, অনেস্ট, সাম]।

Knitting -এ K ও দ্বিতীয় T-এর উচ্চারণ হ'ল না, বলা হ'ল niting. সেইরকম psalm-এ P ও L-এর উচ্চারণ হয় না।

3

High-এর উচ্চারণ হয় হায়, ও right-এর, রাইট। এইরকমভাবে নীচে প্রদত্ত শব্দগুলির উচ্চারণ করুন।

Sight [দীর্ঘশ্বাস ফেলা]

Fight [লড়াই করা]

Might [শক্তি]

Flight [উড়ে যাওয়া]

Thigh [উরু]

Light [আলো]

Night [রাত্রি]

Delight [আনন্দ]

Though [যদিও]

Bright [উজ্জ্বল]

Tight [শক্ত]

Knight [বীরপুরুষ]

Through [দ্বারা]

Slight [সামান্য]

Fright [ভয়]

Sight [দৃশ্য]

এই শব্দগুলি আপনাদের পরিচিত। এখন বলুন তো এমন কোন দুটি বর্ণ আছে যা সবকটি শব্দেই silent? ঠিক ধরেছেন- ght

হাঁ, Knight-এ K অনুচ্চারিত silent.

এখন নীচের তালিকাগুলি থেকে দেখে বলুন কোন কোন বর্ণ অনুচ্চারিত হচ্ছে। এই স্পেলিংগুলো ভাল করে জেনে নিন ও লেখারও অভ্যাস করুন।

B silent

Comb [কোম] চিরুনি

Lamb [ল্যাম]-ভেড়া

Thumb [থাম] বুড়ো আঙ্গুল

H Silent

Honour [অনার] সম্মান

Hour [আওয়ার] ঘন্টা

Thomas [টমাস] টমাস [নাম]

K Silent

Knock [নক] দরজায় টোকা দেওয়া

Knife [নাইফ] ছুরি

Knot [নট] গিট

L Silent

Palm [পাম] হাতের চেটে

Calm [কাম] শান্ত

C silent

Scent [সেন্ট]-আতর

Science [সাইন্স]-বিজ্ঞান

Scene [সীন] দৃশ্য

Half [হাফ] অর্ধেক

Calf [কাফ] বাছুর

Walk [ওয়াক] চলা

Folk [ফোক] লোকজন

Talk [টক] কথা বলা

Should [শুড] করা উচিত

Would [উড] করবে

Could [কুড] পারা

N Silent

Autumn [অটম] শরৎকাল

Condemn [কনডেম] নিন্দা করা

Hymn [হিম] স্তোত্র

Column [কলাম] স্তম্ভ

Damn [ড্যাম] গোল্লায় যাও

G Silent

Sign [সাইন] চিহ্ন

Design [ডিজাইন] নক্স

Resign [রিজাইন] পদত্যাগ করা

T Silent

Hasten [হেস্টন] তাড়াতাড়ি করা

Listen [লিসন] শোনা

Often [অফন] প্রায়ই

Soften [সফন] নরম করা

U Silent

Guard [গার্ড] চৌকিদার

Guess [গেস্] অনুমান করা

Guest [গেস্ট] অতিথি

W Silent

wrong [রঙ] ভুল

Answer [অনসার] উত্তর

Sword [সোর্ড] তরবারি

এবার নীচে দেওয়া শব্দগুলি উচ্চারণ করে মজা করুন ও বলুন কোন কোন অক্ষর এগুলোতে silent-
Drachm, Heir, Island,, parliament, Reign, Wrapper, Wednesday.

না, এদের উচ্চারণ যথাক্রমে ড্রাক্‌ম, হেয়ার, ইজল্যান্ড, পার্লামেন্ট রিগ্ন, ওয়াপার ও ওয়েডনেসডে নয়। ঠিক উচ্চারণ ড্রাম [এক আউন্সের 1/20 ভাগ], এয়ার [উত্তরাদিকারী], আইল্যান্ড [দ্বীপ], পার্লামেন্ট [সংসদ], রেন [রাজত্ব করা], রাপার [আলোচনা] ও অয়েল্ডে [বুধবার]।

এই রকম আরও অনেক শব্দ খুঁজে বের করে মজা নিন ও তাদের উচ্চারণে সঠিকতা উপলব্ধি করুন।

স্মরণীয় [To Remember]

1. প্রাচীন গ্র্যাংলো স্যাক্সন যুগে [a] might, thought, [b] cough, enough ইত্যাদি শব্দে gh- এর পূর্ণ উচ্চারণ হত। রোমান প্রভাবের ফলে এই ghগুলির উচ্চারণ হয় লুপ্ত হয়ে যায়, বা কোমল [f] হয়ে যায় [cough, enough]। ঠিক এইরকমই কখনও কখনও knife, gnaw, sword-এর উচ্চারণ ক্লাইফ 'প্ল' সোওয়ার্ড হত। কালক্রমে এদের উচ্চারণ হয়ে যায় 'নাইফ', 'ন' ও 'সোর্ড'। আজকাল তা February, Important এও R এর উচ্চারণ প্রায় হয়ই না। বলা হয় ফেব্রুয়ারী, ইম্পর্টেন্ট বা ইম্পোর্ট। এর থেকে দেখা যায় যে উচ্চারণের সরলতা আনার দিকে আজ কাল কৌক।
 2. এবার লক্ষ্য দেওয়া যায় debt-এর প্রতি। এই শব্দে b অনুচ্চারিত কি করে হ'ল? ইংরেজিতে এই শব্দটি আসে French [dette] থেকে সেই জন্য তার উচ্চারণও হ'ল det. কিন্তু ভাষাবিজ্ঞানীরা দেখলেন যে এই শব্দটির উৎপত্তি Latin [debitum] [ডেবিটুম] থেকে। সেজন্য মূল শব্দের সাথে সামঞ্জস্য রাখার জন্য বানান হল debt. কিন্তু উচ্চারণ সেই আগের মতনই ডেট থাকল। ঠিক একই ব্যাপার doubt [Latin dubitum] ও receipt [receptum] এর ক্ষেত্রেও। দেখা হয় dout ও receipt, কিন্তু উচ্চারণ ডাইট, রিসিট।
